# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## “যানবাহন বীমা"

ISO 9001:2015 CERTIFIED

প্যাকেজ নং- কোটেশন নম্বর: এস ২৫-২৬-১৫-০১-০১, তারিখ: ২৮/০৭/২০২৫ খ্রিঃ


সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি

পাটকেলঘাটা, সাতক্ষীরা ।

# সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি

প্রধানকার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা

ISO 9001:2015 Certified

দুরালাপনী
সিনিয়র জেনারেলম্যানেজার : ০১৭৬৯-৪০০০৭২
অফিস/অভিযোগকেন্দ্র : ০১৭৬৯-৪০১৮১০
Web site : pbs.satkhira.gov.bd
E-mail :satkhirapbs@yahoo.com


| স্মারক নং-২৭.১২.৮৭৯০.৫১৫.০১.০৩৮.২৫. ৩৩৪২ | তারিখঃ | ১৩ শ্রাবন ১৪৩২ বঙ্গাব্দ<br>২৮ জুলাই' ২০২৫খ্রিঃ |
|---|---|---|

## "যানবাহন বীমা করনের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)"

কোটেশন নম্বর: জি ২৫-২৬-১৫-০১-০১, তারিখ: ২৮/০৭/২০২৫ খ্রিঃ

১. সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি এর যানবাহন বীমা করনের লক্ষ্যে প্রকৃত বীমাকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. এতদ সঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট **www.pbs.satkhira.gov.bd** হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৩. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৫ অনুচ্ছেদে উল্লেখি তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থান সিনিয়র জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা পবিসের সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৪. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৫. সিলমোহরকৃত খাম আগামী ০৪/০৮/২০২৫ খ্রিঃ তারিখ এবং সময় ১১:০০ ঘটিকার মধ্যে কোটেশন ৩ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে **"যানবাহন বীমা"** করনের লক্ষ্যে আগামী ০৪/০৮/২০২৫ খ্রিঃ তারিখ; সময় বেলা ১১:০৫ ঘটিকার আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৬. প্রাপ্ত দরপত্র সমূহ ০৪/০৮/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট **www.pbs.satkhira.gov.bd** এ দেখা যাবে।

৭. "যানবাহন বীমা" সম্পাদনের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক বীমা সম্পাদনের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে বীমার কাগজ-পত্র/ ডকুমেন্ট যাচাই সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে কাগজ-পত্র/ডকুমেন্ট প্রাপ্তির পর বিল দাখিল সাপেক্ষ্যে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

৮. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ **বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

০৯. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

# সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি

**প্রধানকার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা**

ISO 9001:2015 Certified

দুরালাপনী
**সিনিয়র জেনারেলম্যানেজার : ০১৭৬৯-৪০০০৭২**
**অফিস/অভিযোগকেন্দ্র : ০১৭৬৯-৪০১৮১০**
Web site : pbs.satkhira.gov.bd
E-mail :satkhirapbs@yahoo.com


১০. উদ্ধৃত একক দর এবং মোট মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১১. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১২. বাংলাদেশ Motor Tariff Rule অনুযায়ী প্রস্তাব প্রদান করতে হবে। বীমা করনের ক্ষেত্রে (First Party Comprehensive) বীমা সমস্ত রিস্ক কভার করতে হবে অর্থাৎ বর্ণিত যানবাহন সমুহের Private Use বিবেচনায় Premium প্রদানের ক্ষেত্রে Basic, FIV, NCB, Liability Premium ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বীমার মেয়াদ হবে ০১(এক) বছর।

১৩. সফল দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্ত হলে বর্ণিত বীমার বিপরীতে Schedule of Policy প্রদান করতে হবে।

১৪. কার্যাদেশ প্রাপ্তির সর্বোচ্চ ১০ (দশ) দিনের মধ্যে বীমা করণের কাজ সম্পন্ন করতে হবে।

১৫. সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ জুলফিকার রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য প্রেরিত হইল (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার-সাতক্ষীরা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবঃ পরিঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরাধকৃত)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল মানেজার, সকল পবিস।
০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, সাতক্ষীরা।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলইজিডি/সড়ক ও জনপথ বিভাগ, সাতক্ষীরা।
০৭। ডিজিএম, সকল জোনাল অফিস, সাতক্ষীরা পবিস
০৮। এজিএম- (ইএন্ডসি/ সদস্য-সেবা/প্রশাসন, সাতক্ষীরা পবিস।
০৯। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, সাতক্ষীরা
১০। এজিএম (আইটি),সাতক্ষীরা পবিস- ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন।

(মোঃ নুরুল আলম)
এজিএম(প্রশাসন)অঃদাঃ

# কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের  নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৮৭৯০.৫১৫.০১.০৩৮.২৫. তারিখঃ- ২৮/০৭/২০২৫খ্রিঃ।

প্রতি,
সিনিয়র জেনারেল ম্যানেজার
সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
পাটকেলঘাটা, সাতক্ষীরা।

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"যানবাহন"** বীমা করনের লক্ষ্যে প্রস্তাব করছি।

আমার /আমাদের কোটেশনের মোট মূল্য------------------------------ কথায়-------------------------------------------

আমার /আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বর্ধিত থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার /আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছে এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না  হওয়ার অঙ্গীকার করছি।

আমার /আমরা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য ন্যামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি / আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ২৮**/০৭/২০২৫ খ্রিঃ** তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর
তারিখ:

# **পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল**

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৮৭৯০.৫১৫.০১.০৩৮.২৫. তারিখঃ- ২৮/০৭/২০২৫খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম | আইটেমের বিবরণ | পরিমাণ | ইনসিউরড ভ্যালু (টাকা) | ক্রয়ের তারিখ | উদ্ধৃত মোট প্রিমিয়াম (টাকা) | বীমার প্রকৃতি |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১ | জীপ গাড়ী | সাতক্ষীরা ঘ ১১-০০৪৮ | ০১ টি | ৯০,৯৪,৪০০.০০ | ১৭/০৯/২০১৯ খ্রিঃ | | |
| ২ | ডাবল কেবিন পিক-আপ | সাতক্ষীরা ঠ ১১-০০৩১ | ০১ টি | ৫৫,৫০,০০০.০০ | ১৮/০৩/২০২০ খ্রিঃ | | |
| ৩ | সিঙ্গেল কেবিন পিক-আপ | সাতক্ষীরা ঠ ১১-০০৩৬<br>সাতক্ষীরা ঠ ১১-০০৩৭<br>সাতক্ষীরা ঠ ১১-০০৩৮ | ০৩ টি | ২৫,২৩,০০০×৩ = ৭৫,৬৯,০০০.০০ | ০৭/০৯/২০২২ খ্রিঃ | | |
| ৪ | নতুন মোটর সাইকেল | 1) Eng: JC99-1035525 chasis: PSOJC9970RH035544<br>2) Eng: JC99-1035534 chasis: PSOJC9970RH035540<br>3) Eng: JC99-1035492 chasis: PSOJC9970RH035514<br>4) Eng: JC99-1035546 chasis: PSOJC9970RH035541<br>5) Eng: JC99-1035502 chasis: PSOJC9970RH035520<br>6) Eng: JC99-1035655 chasis: PSOJC9970RH035634<br>7) Eng: JC99-1035657 chasis: PSOJC9970RH035637<br>8) Eng: JC99-1035527 chasis: PSOJC9970RH035548<br>9) Eng: JC99-1035513 chasis: PSOJC9970RH035539 | ০৯ টি | ১৭৮,০০০.০০×৯ =১৬,০২,০০০.০০ | ২৭/০৭/২০২৫খ্রি: | | কমপ্রিহেনসিভ বীমা First party (All Risk like as Fire, Theaft, flood, cyclone and RSD) |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | | | | | অংকে | | |
| | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা |
| মোট মূল্য টাকায় (কথায়) | উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য------------------------------------------------------------------- |
| প্রস্তাবিত সরবরাহ | ১০(দশ) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | ১ বছর। |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের -----------------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।
আমি/আমাদের প্রস্তাব ০৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ (১২০ দিন) পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

**টীকা:**

১। কলাম ১, ২, ৩, ৪, ৫,৬ও৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | আইটেম | আইটেমের বিবরণ | পরিমাণ | ইনসিউরড ভ্যালূ (টাকা) | ক্রয়ের তারিখ | বীমার প্রকৃতি |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | | | (৬) | (৮) |
| ১ | জীপ গাড়ী | সাতক্ষীরা ঘ ১১-০০৪৮ | ০১ টি | ৯০,৯৪,৪০০.০০ | ১৭/০৯/২০১৯ খ্রিঃ | কমপ্রিহেনসিভ বীমা First party (All Risk like as Fire, Theaft, flood, cyclone and RSD) |
| ২ | ডাবল কেবিন পিক-আপ | সাতক্ষীরা ঠ ১১-০০৩১ | ০১ টি | ৫৫,৫০,০০০.০০ | ১৮/০৩/২০২০ খ্রিঃ | |
| ৩ | সিঙ্গেল কেবিন পিক-আপ | সাতক্ষীরা ঠ ১১-০০৩৬<br>সাতক্ষীরা ঠ ১১-০০৩৭<br>সাতক্ষীরা ঠ ১১-০০৩৮ | ০৩ টি | ২৫,২৩,০০০×৩ = ৭৫,৬৯,০০০.০০ | ০৭/০৯/২০২২ খ্রিঃ | |
| ৪ | নতুন মোটর সাইকেল | 1) Eng: JC99-1035525 chasis: PSOJC9970RH035544<br>2) Eng: JC99-1035534 chasis: PSOJC9970RH035540<br>3) Eng: JC99-1035492 chasis: PSOJC9970RH035514<br>4) Eng: JC99-1035546 chasis: PSOJC9970RH035541<br>5) Eng: JC99-1035502 chasis: PSOJC9970RH035520<br>6) Eng: JC99-1035655 chasis: PSOJC9970RH035634<br>7) Eng: JC99-1035657 chasis: PSOJC9970RH035637<br>8) Eng: JC99-1035527 chasis: PSOJC9970RH035548<br>9) Eng: JC99-1035513 chasis: PSOJC9970RH035539 | ০৯ টি | ১৭৮,০০০.০০×৯ =১৬,০২,০০০.০০ | ২৭/০৭/২০২৫খ্রি: | |
| ৫ **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | | | | | | |

আমি /আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
প্রধানকার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা
ISO 9001:2015 Certified

দুরালাপনী
সিনিয়র জেনারেলম্যানেজার : ০১৭৬৯-৪০০০৭২
অফিস/অভিযোগকেন্দ্র : ০১৭৬৯-৪০১৮১০
Web site : pbs.satkhira.gov.bd
E-mail :satkhirapbs@yahoo.com

স্মারক নং- ২৭.১২.৮৭৯০.৫১৫.০১.০৩৮.২৫.

তারিখঃ- ২৮/০৭/২০২৫খ্রিঃ।

## "মোটর সাইকেল" বীমা করন ক্রয় আদেশ

| | |
|---|---|
| কোটেশন নম্বর: কোটেশন নম্বর: জি ২৫-২৬-১৫-০১-০১ | তারিখ:-২৮/০৭/২০২৫ খ্রিঃ। |
| প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা]<br><br>-------------------------------- | |
| সরবাহের তারিখ:----------------------------------- | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা--------------------------- |
| **সরবরাহ : শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী -------------------তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবা সমূহ কারিগরী বিনিদের্শ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

| **ক্রয়াদেশকৃত পণ্যসমূহ** |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের(সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>(মোঃ জুলফিকার রহমান)<br>সিনিয়ির জেনারেল ম্যানেজার |
| তারিখ: |

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী:

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয় আদেশ জারি হওয়ার ১০ (দশ)দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীন নিকট গ্রহণযোগ্য ,যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ায় অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীনে সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং,তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করতে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক,লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে ও কথায় লিখতে হবে।।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ প্রযোজ্য নয়।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধ্যকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষ্যের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়বদ্ধ রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি সময়সীমার ভিতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যে ক্ষতি হলে সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবারহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরবাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগীতায় বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি , প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধ্যকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| (মোঃ জুলফিকার রহমান)<br>সিনিয়ির জেনারেল ম্যানেজার | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: |